



মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

পদের নামঃ ল্যাব সহকারী (ড্রাফটসম্যান) - স্থাপত্য বিভাগ

তারিখঃ ১৬ মে ২০২৪

অত্র প্রতিষ্ঠানের স্থাপত্য বিভাগে ল্যাব সহকারী (ড্রাফটসম্যান) পদে চুক্তিভিত্তিক নিয়োগদানের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নে পদের নাম, পদের সংখ্যা, শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করা হলো :

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
১।	ল্যাব সহকারী (ড্রাফটসম্যান)	০১	(ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম ০৪ বছর মেয়াদী আর্কিটেকচারে ডিপ্লোমা থাকতে হবে; এবং (গ) পেশাগত কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
	বেতন স্কেল (মাসিক)		সর্বসাকুল্যে মাসিক বেতন ২৫,০০০/= টাকা (মূলবেতন ১৬,০০০/=)।
	নিয়োগের ধরণ		চুক্তিভিত্তিকঃ শর্তানুযায়ী ০৬ মাস পরপর নবায়নযোগ্য।
বিঃদ্রঃ ভবিষ্যতে যোগ্যতানুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে অত্র প্রতিষ্ঠানে চাকুরী স্থায়ী করণের সুযোগ রয়েছে।			

আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩০ মে ২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (০৮০০ ঘটিকা হতে ১৫০০ ঘটিকা পর্যন্ত) gso2@arch.mist.ac.bd ঠিকানায় ই-মেইলে অথবা স্থাপত্য বিভাগ (পুরাতন প্রশাসনিক ভবন), ২য় তলা, বিভাগীয় অফিসে বায়োডাটা (ছবিসহ), শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, চারিত্রিক সনদ এবং পেশাগত দক্ষতার সত্যায়িত সনদ জমা করার জন্য অনুরোধ করা হলো। বাছাইকৃত প্রার্থীদেরকে পরবর্তীতে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

* আবেদনকারী যে কোন ধরণের প্রশ্নের জন্য ০১৭৬৯০২৪১৬০ মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারবেন।

মোঃ মঞ্জুর মোশাদ খান

মেজর

প্রোগ্রাম কো-অর্ডিনেটর

স্থাপত্যবিভাগ, এমআইএসটি